দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৭৪/২০১৩ — তারিখঃ ০১/১০/২০১৩খ্রিঃ।
সকল সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি, — ১৬ আশ্বিন, ১৪২০বঙ্গাব্দ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর স্মারক নং-এস-৪/১১২/প্রশাসন/ASYCUDA WORLD/১২-১৩, তারিখ ৩০/০৯/২০১৩ খ্রিঃ সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হইল।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মুছা )
সচিব

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম

## অফিস আদেশ

বিষয় ঃ এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে আমদানি বিল অব এন্ট্রি ও রপ্তানি বিল অব এক্সপোর্ট প্রক্রিয়াকরণের কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

আগামী ০১/১০/২০১৩ তারিখ হতে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে আমদানি বিল অব এন্ট্রি ও রপ্তানি বিল অব এক্সপোর্ট প্রক্রিয়াকরণের কার্যক্রম শুরু হবে। এ প্রক্রিয়ায় নিম্নেবর্ণিত পদ্ধতি অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলোঃ

(ক) আমদানিকারক/সিএন্ডএফ এজেন্ট তাদের নির্ধারিত User ID এর মাধ্যমে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে লগ ইন করবে এবং বিল অব এন্ট্রি মডিউলে যথানিয়মে বিল অব এন্ট্রি পূরণ করে তা সিস্টেমে দাখিল করবে;

(খ) দাখিলকৃত বিল অব এন্ট্রি/এক্সপোর্টের প্রিন্ট আউটসহ সিএন্ডএফ এজেন্ট কাস্টম হাউসের নীচ তলায় প্যাভিলিয়নে অবস্থিত Assessment Request কাউন্টারে যাবতীয় দলিলাদি দাখিল করবে। উক্ত কাউন্টারের দায়িত্বপ্রাপ্ত সহকারী দলিলপত্রাদি যথাযথ রয়েছে কিনা তা যাচাই-বাছাই করে সঠিক প্রাপ্তি সাপেক্ষে সিস্টেমে Assessment Request ক্লিক করে সংশ্লিষ্ট শুল্কায়ন শাখায় দলিলাদি প্রেরণ করবে। Assessment Request ক্লিক করার পর সিস্টেমে স্বয়ংক্রিয়ভাবে সিলেক্টিভিটি, শুল্কায়ন শাখা ও কর্মকর্তা নির্বাচিত হবে ;

(গ) বিল অব এন্ট্রি কায়িক পরীক্ষার জন্য নির্বাচিত হলে জেটিতে কর্মরত এ.আর.ও. এর নিকট যথাযথ মাধ্যমে বিল অব এন্ট্রি ও অন্যান্য দলিলাদি প্রেরণ করতে হবে। এ.আর.ও. উক্ত বিল অব এন্ট্রির ইন্সপেকশন এ্যাক্টে প্রয়োজনীয় প্রতিবেদন লিখে আর.ও.-কে জানাবেন। আর.ও. প্রতিবেদনটি অনুমোদন করার পর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে শুল্কায়ন শাখায় বিল অব এন্টি প্রেরণ করবে। দায়িত্বপ্রাপ্ত এ্যাসিস্ট্যান্ট/জয়েন্ট/এডিশনাল কমিশনার প্রয়োজনে তাদের মতামতও লিপিবদ্ধ করতে পারবেন;

(ঘ) শুল্কায়ন শাখা পূর্বের নিয়মে বিধি মোতাবেক শুল্কায়ন সমাপ্ত করে এ্যাসেসমেন্ট নোটিশ জারি (generate) করবে। উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ ব্যতিরেকে কোন প্রিন্ট আউট দেয়া যাবে না;

(ঙ) আমদানি বিল অব এন্টির ক্ষেত্রে শুল্ক-করাদি পরিশোধ পদ্ধতি ঃ

(১) সিএন্ডএফ এজেন্ট তার ই-মেইলে এ্যাসেসমেন্ট নোটিশ এর কপি পাওয়ার পর এর চারটি কপি প্রিন্ট আউট নিয়ে সোনালী ব্যাংক, কাস্টম হাউস শাখায় শুল্ক-করাদি পরিশোধ করার জন্য পূর্বের নিয়মে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ জমা দিবেন;

(২) ব্যাংক কর্মকর্তা সিস্টেমে লগ ইন করে এ্যাসেসমেন্ট নোটিশ এর সঠিকতা যাচাই করে নিবেন ও এ্যাসেসমেন্ট নোটিশ-এর সকল কপির উপর অর্থ পরিশোধের সীল ও স্বাক্ষর প্রদানপূর্বক দুই কপি নোটিশ স্পীড ট্রেজারী শাখায় প্রেরন করবেন ও একটি কপি ব্যাংকের জন্য সংরক্ষণ করে একটি কপি এজেন্টকে প্রদান করবেন;


(ক্রমশঃ-২)

(৩) স্পীড ট্রেজারী শাখায় সহকারীগণ এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে প্রয়োজনীয় এন্ট্রি দিবেন ও Payment Receipt জারি (generate) করবেন এবং এ্যাসেসমেন্ট নোটিশ এর এক কপি শাখায় সংরক্ষণ করবেন ও একটি কপি শুল্কায়ন শাখায় প্রেরণ করবেন। Payment Receipt এর কোনো কপি প্রিন্ট হবে না;

(৪) সিএন্ডএফ এজেন্ট উক্ত Payment Receipt এর কপি ই-মেইল যোগে প্রাপ্ত হয়ে এর ভিত্তিতে বন্দর হতে পণ্য খালাসের ব্যবস্থা নিবেন।

(চ) রপ্তানি বিল অব এক্সপোর্টের ক্ষেত্রে শুল্ক-করাদি পরিশোধ পদ্ধতি ঃ

(১) ই-মেইল যোগে প্রাপ্ত এ্যাসেসমেন্ট নোটিশের ৩টি কপি নিয়ে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট প্রযোজ্য শুল্ক-করাদি ব্যাংকে পরিশোধ করবেন।

(২) ব্যাংক কর্মকর্তা সিস্টেমে লগ ইন করে এ্যাসেসমেন্ট নোটিশ এর সঠিকতা যাচাই করে নিবেন ও এ্যাসেসমেন্ট নোটিশ-এর সকল কপির উপর অর্থ পরিশোধের সীল ও স্বাক্ষর প্রদানপূর্বক এক কপি নোটিশ সংশ্লিষ্ট রপ্তানি শুল্কায়ন শাখায় প্রেরণ করবেন; এক কপি ব্যাংকের জন্য সংরক্ষণ করবেন এবং এক কপি এজেন্টকে প্রদান করবেন;

(৩) ব্যাংক প্রতিদিন কার্যক্রম শেষে এ্যাসেসমেন্ট নোটিশের একটি কপি সংশ্লিষ্ট রপ্তানি শুল্কায়ন শাখায় প্রেরণ করবে। ব্যাংক হতে প্রেরিত নোটিশের ভিত্তিতে শুল্কায়ন শাখা প্রতিদিন পেমেন্ট ডেটা সিস্টেমে আপডেড করবে ;

(ছ) ই-পেমেন্ট ব্যবস্থা চালু না হওয়া পর্যন্ত এ ব্যবস্থায় শুল্ক-করাদি পরিশোধিত হবে। ব্যাংক গ্যারান্টি বা অংগীকারনামার ক্ষেত্রে পূর্বের নিয়মে শুল্ক-করাদি পরিশোধিত হবে;

(জ) বন্দর কর্তৃপক্ষ ASYCUDA World System এ লগ ইন করে বিল অব এন্ট্রিতে পেমেন্ট রিসিপ্ট নাম্বার রয়েছে কি না তা নিশ্চিত হবেন ও পেইড বিল অব এন্ট্রিতে প্রদত্ত বিএল নাম্বারসহ অন্যান্য তথ্যাদি যাচাই করে এর ভিত্তিতে পণ্য খালাস দিবেন;

(ঝ) রপ্তানি বিল অব এক্সপোর্ট শুল্কায়ন সমাপ্ত হওয়ার পর কায়িক পরীক্ষার জন্য অফ-ডকে প্রেরণ করতে হবে এবং সেখানে দায়িত্বপ্রাপ্ত আর.ও. এবং এ.আর.ও. উক্ত বিল অব এক্সপোর্টের ইন্সপেকশন এ্যাক্টে প্রয়োজনীয় তথ্য লিপিবদ্ধ করবেন। কায়িক পরীক্ষায় কোন অনিয়ম পাওয়া গেলে বিল অব এক্সপোর্ট মতামতসহ শুল্কায়ন শাখায় ফেরত পাঠাবেন;

(ঞ) রপ্তানি সম্পন্ন হওয়ার পূর্বে জাহাজীকরণের সময় সংশ্লিষ্ট এ.আর.ও. অন বোর্ড ইন্সপেকশন এ্যাক্টে "Shipped on Board" তথ্য রেকর্ড করবেন ;

(ট) এ.আর.ও. অন বোর্ডের "Shipped on Board" মন্তব্য নিশ্চিত করার পর শুল্কায়ন শাখার আর.ও. সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টকে EXP Form স্বাক্ষর প্রদান পূর্বক ফেরত প্রদান করবেন;

(ঠ) দলিলাদি-নথিপত্র সংরক্ষণের ক্ষেত্রে পূর্বের নিয়ম সমূহ বলবৎ থাকবে।

০২। এ আদেশ পরীক্ষামূলকভাবে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম চালুর জন্য সাময়িকভাবে জারি করা হ'ল যা সময়ে সময়ে সংশোধন করা হবে। কার্যক্রম পরিচালনায় কোন সমস্যা দেখা দিলে এ্যাসাইকুডা টিমের সাথে যোগাযোগ করতে হবে।

স্বাঃ/-
(আবদুল মান্নান শিকদার)
কমিশনার অব কাস্টমস্

নথি নংঃ এস-৪/১১২/প্রশাসন/ASYCUDA WORLD ১২-১৩/৩৬০৬ ( ) কাস তারিখ ঃ ৩০/০৯/২০১৩